আজকের কাগজ ৩৭

তারিখ 01 FEB 1986
পৃষ্ঠা ৭ কলাম ৮

# যেভাবে প্রধানমন্ত্রী বইমেলায় যাবেন

সৈয়দ বোরহান কবীর ঃ যে পরিস্থিতিই হোক না কেনো প্রধানমন্ত্রী আজ বাংলা একাডেমীর বইমেলায় যাবেন। প্রধানমন্ত্রীর নিরাপত্তার জন্যে নজিরবিহীন ব্যবস্থা নেয়া হয়েছে। ১০ হাজার সেনাবাহিনী, বিডিআর এবং পুলিশ মোতায়েন করা হয়েছে। হাজার হাজার গোয়েন্দা বিভাগের লোকজন পুরো বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণে নিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মোট বারোটি পয়েন্টে পুলিশ, বিডিআর বসানো হয়েছে, সকলের প্রবেশে বাধা দেয়া হচ্ছে। গতরাতে দু'দফা প্রধানমন্ত্রী কিভাবে বইমেলায় যাবেন তার মহড়া দেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা সংলগ্ন বইমেলায় প্রধানমন্ত্রী যাবেন কি না, সেটা নিয়ে বিএনপি'র নীতি নির্ধারকদের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বেশ কয়েকজন নীতি নির্ধারক প্রধানমন্ত্রীকে বইমেলা উদ্বোধন করতে না যাবার পরামর্শ দেন। কিন্তু প্রধানমন্ত্রী স্বয়ং বইমেলায় যাবার ব্যাপারে তার অনড় ইচ্ছে ব্যক্ত করেন। ছাত্রদলের ছেলেরা প্রধানমন্ত্রীকে গিয়ে বলেছেন, যে কোনো মূল্যে প্রধানমন্ত্রীকে তারা ক্যাম্পাসে নিয়ে যাবেন। কিন্তু ছাত্রদল নয়, দশ হাজার সেনাবাহিনী, বিডিআর এবং পুলিশ দিয়ে প্রধানমন্ত্রী মেলায় যাবেন। প্রধানমন্ত্রীকে বইমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে নিয়ে যাবার জন্যে ৪টি রুট নির্ধারণ করা হয়েছে। প্রধানমন্ত্রী কোন রুট দিয়ে যাবেন, তা নির্ধারণ করা হবে যাত্রার আধ ঘন্টা আগে। চার রুটেই প্রধানমন্ত্রীর জন্যে নিরাপত্তা বেষ্টনী দেয়া গাড়ি যাবে। ঐ সবগুলো গাড়িই মনে হবে প্রধানমন্ত্রীর গাড়ি। কোন বহরের মাঝে প্রধানমন্ত্রী থাকবেন তা গোপনীয়। প্রধানমন্ত্রীকে বহনকারী গাড়ির বহরে মোট গাড়ি থাকবে ১৮টি। মোটর সাইকেল থাকবে ২৪টি। শুরুতে ১২টি মোটর সাইকেলে থাকবেন প্রধানমন্ত্রীর বিশেষ নিরাপত্তা কর্মি। এরপর থাকবে চৌকষ পুলিশের দু'টি গাড়ি। এরপর আর্মির দু'টো গাড়ি। এরপর থাকবে সাদা পোষাকে গোয়েন্দাদের দু'টো গাড়ি। প্রধানমন্ত্রী কোন গাড়িতে থাকবেন, তা কোনোভাবেই প্রকাশ করা হবে না। নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা শুরু হবে বাংলামোটর, প্রেসক্লাব, আবদুল গণি রোড, মেডিক্যাল কলেজ, আজিমপুর, নিউ মার্কেট, কাঁটাবন এলাকা থেকে নিরাপত্তার পুরো ব্যবস্থা নিশ্চিত করতে ক্যাম্পাসে ছড়িয়ে দেয়া হয়েছে গোয়েন্দা বিভাগের লোকজন।